



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আশেক মাহমুদ কলেজ
জামালপুর



তারিখ : ২০/০৯/২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ২য় মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কোভিড ২০১৯ এর কারণে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১মবর্ষ অনার্স বিএ/বিএসএস/ বিএসসি শ্রেণিতে ভর্তির জন্য ২য় মেধায় নির্বাচিত শিক্ষার্থীরা ভর্তি ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। এর পর কলেজে উপস্থিত হয়ে ২০/০৯/২০২১ থেকে ২৫/০৯/২০২১ তারিখের মধ্যে সকাল ১০টা থেকে বেলা ৩টা পর্যন্ত নিম্নবর্ণিত বিভাগীয় ফি পরিশোধ ও শর্তপূরণ সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তি ফরম সংগ্রহ ও জমার নিয়মাবলি:

- ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions থেকে ভর্তির তথ্য সম্বলিত আবেদন ফরম A⁴ (৮.৫'x ১১') সাইজ অফসেট কাগজে প্রিন্ট করে নিতে হবে। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থী তার বিষয় পরিবর্তন করতে চাইলে চূড়ান্ত আবেদন ফরমের বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক (✓) চিহ্ন দিতে হবে।
- আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে।
- ভর্তির জন্য নির্ধারিত ফি

বিভাগের নাম	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদানের ফি	বিভাগীয় ফি (রশিদের মাধ্যমে নগদ গ্রহণ) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
বাংলা	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
ইংরেজি	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
রাষ্ট্রবিজ্ঞান	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
অর্থনীতি	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
দর্শন	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
ইসলামিক স্টাডিজ	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
রসায়ন	২৬৩৫ টাকা	৩০২০ টাকা
গণিত	২৬৩৫ টাকা	৩০৬০ টাকা
পদার্থবিজ্ঞান	২৬৩৫ টাকা	২৯৬০ টাকা
প্রাণিবিজ্ঞান	২৬৩৫ টাকা	২৮০০ টাকা
উদ্ভিদবিজ্ঞান	২৬৩৫ টাকা	২৯০০ টাকা
হিসাববিজ্ঞান	২৫৮৫ টাকা	২৩০০ টাকা
ব্যবস্থাপনা	২৫৮৫ টাকা	২৩০০ টাকা

৪. ভর্তি ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাদানের প্রক্রিয়া:

সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Admission Fees ক্লিক করে

অথবা, Sonali Bill Payment System ব্যবহার করে Admission Fees ক্লিক করে

অথবা, <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/> লিংক > Admission Fee > Govt.

Ashek Mahmud College, Jamalpur নির্বাচন করে সঠিক তথ্য দিয়ে (Class Roll লেখার প্রয়োজন নেই)

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করা যাবে। বিভাগের জমা দেওয়ার সময় টাকা জমাদানের রশিদ প্রিন্ট করে

ভর্তি ফরম এর সাথে সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-২

৫. ভর্তি ফরমের সাথে যে কাগজপত্র জমা দিতে হবে :

ক. এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট

খ. এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

গ. এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষা পাশের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের ফটোকপি

ঘ. সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি

ঙ. চূড়ান্ত ভর্তি ফরমের কপি

৬. ১ম মেধাতালিকায় ভর্তির পর বিষয় পরিবর্তিত হলে ওয়েবসাইট থেকে পুনরায় ভর্তি ফরম সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। বিষয় পরিবর্তিত হলে শিক্ষার্থীর পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত করতে হবে।

৭. ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত, কোটা তালিকায় ও রিলিজ স্লিপে স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম একই নিয়মে সম্পন্ন হবে।

বিঃদ্র: ১০×১২ সাইজের একটি পার্শ্বল খামের উপর ভর্তিচ্ছু শিক্ষার্থীর নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা, মোবাইল ফোন নম্বর, প্রাথমিক আবেদনের রোল নম্বর, মেধাক্রম, মেধাস্কোর লিখতে হবে। খামে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার উপর্যুক্ত সকল কাগজপত্র জমা দিতে হবে। উল্লেখ্য এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট স্ব স্ব বিভাগ সংরক্ষণ করবে।



২০/০৯/২০২১

প্রফেসর ড. মুজাহিদ বিল্লাহ ফারুকী

অধ্যক্ষ

সরকারি আশেক মাহমুদ কলেজ

জামালপুর